# হাটহাজারী উপজেলা পরিষদ

## চট্টগ্রাম জেলা।

তথ্য বাতায়ন : hathazari.chittagong.gov.bd

**সেপ্টেম্বর,২০১৯ মাসে অনুষ্ঠিত৫ম উপজেলা পরিষদের৫মমাসিক সভার কার্যবিবরণী:**

সভাপতি : **জনাব এস এম রাশেদুল আলম**

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, হাটহাজারী।

তারিখ ও সময় : ০৭/১১/২০১৯ খ্রি., সকাল : ১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা : **পরিশিষ্ট – 'ক'** দ্রষ্টব্য।

সভাপতি জনাব এস এম রাশেদুল আলম কর্তৃক উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচ্যসূচি মোতাবেক ২৬/০৯/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় সর্বসম্মতক্রমে অনুমোদিত হয় এবং বিভাগীয় কর্মকর্তাদের পর্যায়ক্রমে আলোচনা করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ :

| ক্রঃনং | বিভাগীয় আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **ই-টেন্ডার কার্যক্রমবাস্তবায়ন :** ডিজিটাল বাংলাদেশ গঠন ও মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন এবং টেন্ডার প্রক্রিয়া স্বচ্ছ করার লক্ষ্যে অত্র উপজেলায় ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। অত্র উপজেলায় সকল ধরণের উন্নয়ন কাজের টেন্ডার প্রক্রিয়ায় স্বচ্ছতা আনার লক্ষ্যে ই-টেন্ডারেরমাধ্যমে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হবে। | অত্র উপজেলা ই-টেন্ডার কার্যক্রম সম্পন্ন হওয়ায় সভায় উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানানো হয়। টেন্ডার প্রক্রিয়া স্বচ্ছ করার লক্ষ্যে অত্র উপজেলায় সকল ধরণের উন্নয়ন কাজের টেন্ডার প্রক্রিয়া ইজিপি'র মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী, চট্টগ্রাম। |
| ০২ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর :**উপজেলা প্রকৌশলী(প্রতিনিধি), হাটহাজারী সভায়তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিভাবে চলমান রয়েছে বলে জানান। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক যথার্থ প্রতীয়মান হলে প্রকল্পসমূহ বিবেচনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী। |
| ০৩ | **(ক) ডিজিটাল বাংলাদেশ গঠন ও রূপকল্প ২০২১ বাস্তবায়ন:**ডিজিটাল বাংলাদেশ গঠনের মাধ্যমে রূপকল্প ২০২১ অর্জনের লক্ষে সকল অফিস/সংস্থার সেবা প্রদান কার্যক্রম অনলাইনে শুরু করা ওয়েব পোর্টালের সকল কার্যক্রম সম্পন্নকরণ এবং অফিসের যাবতীয় কার্যক্রম ডিজিটালাইজড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**(খ) ইউনিয়ন ডিজিটাল সেন্টার :** দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষে কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে তথ্য প্রযুক্তির উন্নয়ন ও এর মাধ্যমে জনগণকে তথ্য সেবা প্রদান করা ইউনিয়ন ডিজিটাল সেন্টার স্থাপনের মূল লক্ষ্য। প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টারের দৈনিক আয়ের হিসাব পরিচালকগণ ব্লগে ও টুলসে প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**(গ) জন্ম ও মৃত্যু নিবন্ধন :** জন্ম নিবন্ধন কার্যক্রমকে আধুনিকায়ন ও সার্বজনীন জন্ম ও মৃত্যু নিবন্ধনের অনিয়ম দূরীকরণার্থে অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বিষয়ক বিস্তারিত আলোচনা করা হয়।<br>**(ঘ) বিবাহ নিবন্ধন :** বিবাহ নিবন্ধনের ক্ষেত্রে অনেক সময় ভুল জন্ম সনদ দিয়ে অপ্রাপ্ত বয়স্কদের বিবাহ দেয়া হচ্ছে, যা বাল্য বিবাহের মতো গুরুতর অপরাধ। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>**(ঙ) নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা নিশ্চিতকরণ :** নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপননের সকল স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে জনসচেতনতা ও প্রচারণার লক্ষে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**(চ) জঙ্গীবাদ নির্মুল ও প্রতিরোধ সংক্রান্ত :** জঙ্গীবাদ নির্মূল ও প্রতিরোধে সকল মসজিদে শুক্রবার জুমার নামাযের পর বিশেষ খুৎবায় আলোচনা, ভাড়াটিয়া ও সন্দেহভাজন লোকের আনাগোনার উপর নজরদারীকরণ, সামাজিক সচেতনতা সৃষ্টি ও সকল শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে জনসচেতনতা ও প্রচারণার লক্ষে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**(ছ) মানব পাচার ও রোহিঙ্গাদের অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধ সংক্রান্ত :** মানব পাচার প্রতিরোধ এবং হাটহাজারীর অভ্যন্তরে কোন রোহিঙ্গা বসবাস ও অনুপ্রবেশ করতে না পারে এবং কোন রোহিঙ্গা যাতে অত্র উপজেলার কোন ইউনিয়নে ভোটার হতে না পারে সে বিষয়ে জনসচেতনতা ও প্রচারণার লক্ষে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) সকল অফিস/সংস্থার সেবা কার্যক্রম জনগণের দোরগোড়ায় পৌছানোর লক্ষে সকল বিভাগীয় প্রধান ও ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।<br>(খ)ইউনিয়ন ডিজিটাল সেন্টারের দৈনিক আয়ের হিসাব পরিচালকগণ ব্লগে ও টুলসে প্রেরণ অব্যাহত রাখার বিষয়টি নিশ্চিত করতে সংশ্লিষ্টইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br>(গ) জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে একই ব্যক্তির যাতে দ্বৈত সনদ ইস্যু না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রেখে অনলাইনে জন্ম নিবন্ধন কার্যক্রম অব্যাহত রাখার জন্য ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>(ঘ) বিবাহ নিবন্ধনের ক্ষেত্রে জন্ম সনদ যাচাই পূর্বক বিবাহ নিবন্ধন করার জন্য সংশ্লিষ্টবিবাহনিবন্ধনরেজিস্ট্রার/কাজীদর অনুরোধ করা হয়।<br>(ঙ) খাদ্যের উৎপাদন, আমদানি, মজুদকরণ ও সরবরাহের ক্ষেত্রে যাতে খাদ্যের গুনগত মান অটুট থাকে ও খাদ্যের নিরাপত্তা নিশ্চিত | ১। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী।<br>২। বিভাগীয় প্রধান (সকল), হাটহাজারী।<br>৩। ইউ,পি চেয়ারম্যান (সকল), হাটহাজারী। |

| | | | |
|---|---|---|---|
| | | থাকে সে লক্ষে জনসচেতনতা ও প্রচারনা বৃদ্ধির অনুরোধ জানানো হয়।<br>(চ) জঙ্গীবাদ নির্মূল ও প্রতিরোধে সকল মসজিদে শুক্রবার জুমার নামাযের পর বিশেষ খোৎবা বলা, ভাড়াটিয়া ও সন্দেহভাজন লোকের আনাগোনার উপর নজরদারীকরণসহসামাজিক সচেতনতা ও প্রচারনা বৃদ্ধির অনুরোধ জানানো হয়।<br>(ছ) মানব পাচার প্রতিরোধ এবং হাটহাজারীর অভ্যন্তরে যাতে কোন রোহিঙ্গা বসবাস ও অনুপ্রবেশ করতে না পারে এবং কোন রোহিঙ্গা যাতে ভোটার হতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | |
| ০৪ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্তন ক্যানসারের চিকিৎসার জন্য যে কোন বয়সের নারী বিনামূল্যে চিকিৎসা নিতে পারবে। এজন্য তিনি ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন এবং সহযোগিতা চান। এছাড়াও ৩০-৬০ বছর বয়সী নারী জরায়ু ক্যানসারের চিকিৎসা নিতে পারবে বলে সভায় অবহিত করেন। তিনি বলেন সপ্তাহে একদিন সিজারিয়ান ডেলিভারী করা হয় এবং নরমাল ডেলীভারী ১০০-১৫০ এর পরিবর্তে ২০০ করার লক্ষ ধরা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা স্বাস্থ্য বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্যউপজেলা স্বাস্থ্য ও প:প:কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প:কর্মকর্তা, হাটহাজারী। |
| ০5 | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান,মা ইলিশ রক্ষার জন্য গত ০৯/১০/২০১৯ খ্রি. থেকে ৩০/১০/২০১৯ খ্রি. পর্যন্ত মাছ ধরা বন্ধ, বিক্রি, বাজারজাতকরণ নিষেধ কার্যকর করতে বিভিন্ন বাজারে অভিযান বা মনিটরিং করা হয়। কোথাও বন্ধ সময়ে ইলিশ বিক্রি করতে পাওয়া যায়নি। আইন বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা প্রদান করার জন্য ধন্যবাদ প্রদান করা হয়। মৎস্য আইন বাস্তবায়নে হালদা নদীতে অভিযান পরিচালনা করা হয় বলে সভায় জানানা। এছাড়াও দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা মৎস্য বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্যউপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাটহাজারী। |
| ০6 | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :**উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাটহাজারী সভায় জানান, ২০১৯-২০ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার/রক্ষণাবেক্ষণ কর্মসূচির সকল বরাদ্দের ৭৫% অর্থ ও খাদ্যশষ্য ছাড় করা হয়েছে ও বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্পসমূহ বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়াও বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং এবং প্রতিমাসের যাবতীয় বরাদ্দ ও কর্মকান্ডের বিবরণী সভায় অবহিতকরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| 07 | **উপজেলা শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হাটহাজারী জানান হাটহাজারী উপজেলাধীন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আওতাভুক্ত ৫৬টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় বৈজ্ঞানিক যন্ত্রপাতি সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। ২০১৯ সালের জেএসসি, জেডিসি ও এসএসসি (ভোক) নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষা ১১টি কেন্দ্রে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হচ্ছে। মোট পরীক্ষার্থী ১০৮৬৬জন। জেএসসি কেন্দ্র ০৮টি, জেডিসি কেন্দ্র ০২টি ও ভোকেশনাল কেন্দ্র ০১টি। ২০২০ সালের জন্য প্রাপ্ত সরকারি পাঠ্যপুস্তক মাধ্যমিক বিদ্যালয়, ইবতেদায়ী মাদ্রাসা ও দাখিল মাদ্রাসায় সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। প্রাপ্ত পাঠ্য বই ৯০% বিতরণ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | উপজেলা শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা শিক্ষা কর্মকর্তা, হাটহাজারী।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,হাটহাজারী। |
| 08 | **উপজেলা সমবায় বিভাগ :**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান যে,হালদা পাড়ের জেলেদের জীবন মান উন্নয়নে সমবায় সমিতি করার বিষয়ে সরকারি নির্দেশনা রয়েছে। যাতে করে জেলেদের দারিদ্র বিমোচন হয়। এবিষয়ে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া সমবায় বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা সমবায় বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, হাটহাজারী। |
| 09 | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী জানান, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন ৪টি কর্মসূচির/প্রকল্পের ৭৬টি সমিতি/দলের ২০৫৫ জন সদস্যের দারিদ্র | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের | উপজেলা পল্লী |

<table>
<tr>
<td></td>
<td>বিমোচনের লক্ষে ২০১৯-২০ অর্থ বছরের পুঁজিগঠন ঋণ বিতরণ ও আদায়ের লক্ষমাত্রা ও অগ্রগতি নিম্নরূপ :
<table>
<tr><th>বিবরণ</th><th>লক্ষমাত্রা ২০১৯-২০ অর্থ বছর</th><th>সদস্য সংখ্যা</th><th>অগ্রগতি জুলাই/১৯ পর্যন্ত</th><th>হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>ঋণ বিতরণ</td><td>১২০.০০</td><td rowspan="3">৪৩২জন</td><td>১৬.২০</td><td>১৪%</td><td rowspan="3">৬৫ জন</td></tr>
<tr><td>ঋণ আদায়</td><td>১০৭.০০</td><td>১৮.৫৪</td><td>১৭%</td></tr>
<tr><td>পুঁজিগঠন</td><td>৪.৪৫</td><td>১.৪২</td><td>৩২%</td></tr>
</table>
৩০/০৬/২০১৯ খ্রি. ঋণ তহবিল প্রাপ্ত ৯৬.০০ লক্ষ টাকা যা বর্তমানে প্রবৃদ্ধিসহ ১.২০.০০লক্ষ টাকায় উন্নীত হয়েছে। চলতি অর্থ বছরে কোন তহবিল পাওয়া যায়নি। এছাড়া সাংগঠনিক পুঁজি গঠন ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান।</td>
<td>সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিংসহ ঋণ বিতরণের বিস্তারিত প্রতিবেদন আগামী সভায় অবহিতকরণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td>
<td>উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী।</td>
</tr>
<tr>
<td>১0</td>
<td><u>বন বিভাগ :</u><br>বন বিভাগ, হাটহাজারী হাটহাজারী সভাকে জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে হাটহাজারী বিট কাম চেক ষ্টেশনের আওতায় অনুন্নয়ন খাতে ২৫.০ হেক্টর জায়গায় জঙ্গাল উত্তর পাহাড়তলী মৌজায় উপকারভোগী বিহীন দীর্ঘ মেয়াদী বাগান সৃজনের কাজ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। এছাড়া ২০১৯-২০ অর্থ বছরে মিশ্র বাগান সৃজনের জন্য ২৫.০ হেক্টর মিশ্র প্রজাতির চারা ৭৫,০০০টি এবং ১০.০(দশ) হেক্টর বাঁশ বাগান সৃজনের জন্য ৭৫,০০০টি বাঁশের কঞ্চি চারাসহ মোট ৮২,৫০০টি চারা উত্তোলন করা হয়েছে এবং হাটহাজারী SFNTC কেন্দ্রের মাধ্যমে চারা বিক্রয়ের কাজ যথাযথভাবে চলছে।২০১৮-১৯ অর্থ বছরে মাননীয় সংসদ সদস্য চট্টগ্রাম-৫,৯,১০ ও ১১ মহোদয়গণের নামে বরাদ্দকৃত ২০,০০০টি চারা (৫০০০টি করে) বুঝিয়ে দেওয়া হয়েছে। চারা বিক্রয় রাজস্ব চলতি মাসে ১,২৫,০০০/- টাকা। হাটহাজারীSFNTC'র বাউন্ডারী ওয়াল ও পুকুর পাড় সংলগ্ন ৫৮টি বিবিধ মার্কাকৃত ঝুকিপূর্ণ গাছ কর্তনের নিমিত্ত উন্মুক্ত টেন্ডার/সীল টেন্ডার আহ্বান করা হবে। মোট খাড়া গাছ ৫৮টি= ১৫৩৬.৫৫ ঘনফুট এবং জ্বালানী কাঠ ২৯৫.০ ঘনফুট। হাটহাজারী বিটকাম চেক ষ্টেশনের আওতায় টহল কার্যক্রম জোরদার করা হয়েছে। চলতি মাসে অবৈধ পাচারকালে ০১টি জীপ গাড়ী, ০১টি পিকআপ এবং ০২টি ইঞ্জিন চালিত টমটম আটক করা হয়েছে এবং লক্ষাধিক টাকা মূল্যের কাঠ জব্দ করা হয়েছে। বন আইনে ০৩টি POR ও COR বন মামরা দায়ের করা হয়েছে বলে জানান।</td>
<td>বন বিভাগ এর সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্য সহকারী বন সংরক্ষক, হাটহাজারী বন বিভাগকে অনুরোধ জানানো হয়।</td>
<td>সহকারী বন সংরক্ষক, হাটহাজারী বন বিভাগ।</td>
</tr>
<tr>
<td>১1</td>
<td><u>১নং ফরহাদাবাদ ইউপি :</u><br>চেয়ারম্যান, ১নং ফরহাদাবাদ ইউপি সভায়জানান, বিভাজনে প্রাপ্ত ১২,৯২,০০০/- টাকা বরাদ্দ দিয়ে এতবড় একটি ইউনিয়নের প্রয়োজন ইমঠাএনা কষ্টকর। আয়তন অনুসারে এই ইউনিয়নে যে বরাদ্দ পাওয়া যায় তা খুবই কম এর পরেও সন্তুষ্ট। এই বরাদ্দ দিয়ে যতটুকু সম্ভব উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হবে। তিনি জানান ফরহাদাবাদ ইউনিয়নকে ভেঙ্গে পাঁচটি ইউনিয়ন করা যাবে। এই ইউনিয়নকে ভেঙ্গে অন্তত ২টি ইউনিয়ন করার জন্য ইতোপূর্বে পত্র প্রেরণ করা হয়েছে। এই ইউনিয়নের ৩টি ওয়ার্ডে যেতে মির্জাপুর ও ধলই ইউনিয়ন পার হয়ে যেতে হয়। তিনি এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও তিনি জানান, গত বছরে ADP এর টেন্ডার হয়েছে কিন্তু কাজ বাস্তবায়ন হয়নি। টেন্ডার হওয়ার পর সাথে সাথে কাজ বাস্তবায়ন করা জরুরী। তা নাহলে সাধারণ মানুষের কাছে জনপ্রতিনিধিদের হেয়প্রতিপন্ন হতে হয়।</td>
<td>উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, হাটহাজারী।</td>
</tr>
<tr>
<td>১2</td>
<td><u>২নং ধলই ইউপি :</u><br>চেয়ারম্যান, ২নং ধলই ইউপি সভায় জানান, তার ইউনিয়নের অনেক রাস্তাঘাট চলাচল অনপুযোগী হয়ে পড়েছে। যা মেরামত করা অতীব জরুরী।এসকল রাস্তা দিয়ে অন্য উপজেলা ও ইউনিয়নেরমানুষ যাতায়াত করে থাকে। ফলে এসকল রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত প্রয়োজন বলে সভার দৃষ্টি আকর্ষণ করেন।</td>
<td>উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষণ করা হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী।</td>
</tr>
<tr>
<td>১3</td>
<td><u>৪নং গুমানমর্দ্দন ইউপি :</u><br>চেয়ারম্যান, ৪নং গুমানমর্দ্দন ইউপি সভায় রসুর বাড়ী রাস্তার বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। তিনি বলেন গত ছয় বছর যাবৎ বিভিন্ন সময় বন্যায় রাস্তাঘাট ক্ষতিগ্রস্থ হয়েছে। এছাড়াও দুর্যোগের সময় এই ইউনিয়ন পানির নিচে তলিয়ে যাই। ফলে রাস্তাঘাট স্থাপনা বন্যায় ক্ষতিগ্রস্থ হয়।তিনি বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তাঘাট সরেজমিনে পরিদর্শন করে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</td>
<td>উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী।</td>
</tr>
<tr>
<td>14</td>
<td><u>৬নং ছিপাতলী ইউপি :</u><br>চেয়ারম্যান, ৬নং ছিপাতলী ইউপি সভায় জানান, তার ইউনিয়নে হোল্ডিং ট্যাক্স আদায় হয়। ৩০% এর মত আদায় করা হয়েছে। এ অর্থ দিয়ে তার ইউনিয়নে একটি রাস্তা ২০ ফিট RCC ঢালাই করা হয়েছে। তিনি জানান তার ইউনিয়নে রাজস্ত উদ্ধৃত্ত প্রাপ্ত বরাদ্দ ৪ লক্ষ ৩৭ হাজার টাকার বরাদ্দের বিপরীতে PIC এর মাধ্যমে কাজ সম্পাদন করার নিমিত্তসভার দৃষ্টি আর্কষন করেন। তিনি জানান PIC এর মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের গুনগত মান ঠিক থাকে। এছাড়া তিনি সকল ধরণের বরাদ্দ প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা অবলম্বন করার অনুরোধ জানান।</td>
<td>উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী।</td>
</tr>
<tr>
<td>১5</td>
<td><u>১3নং দক্ষিণ মাদার্শা ইউপি:</u><br>চেয়ারম্যান, ১৩নং দক্ষিণ মাদার্শা ইউপি সভায় জানান, কিছু কিছু ইউনিয়নে বিশেষ</td>
<td></td>
<td></td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | বরাদ্দের নামে বরাদ্দ দিলে বাকি ইউনিয়নগুলো বৈষম্যের শিকার হচ্ছে । তিনি সকল ইউনিয়নকে সমভাবে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। এছাড়াও তিনি সভায় হাট-বাজারের অর্থ হতে গৃহীত প্রকল্প পরিবর্তনের জন্য সভায় অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষণ করা হয়। | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী। |
| 16 | **৮নং মেখল ইউপি :**<br>চেয়ারম্যান, ৮নং মেখল ইউপি সভায় জানান, তার ইউনিয়নে ২০১৯-২০ অর্থ বছরে রাজস্ব উদ্বৃত্ত খাতে ৬ লক্ষ ৫৬ হাজার টাকা বরাদ্দ পাওয়া গেছে। এই অল্প বরাদ্দ দিয়ে প্রতিটি ওয়ার্ডে প্রকল্প দেয়া সম্ভব নয়। তিনি বলেন রমেশ মহাজন সড়ক ও পুন্ডরীকধাম এর বিষয়ে কার্যবিবরণীতে আসে এর পরেও কোন ফলাফল হয় না। এছাড়া সিদ্দিকীয়া সড়কের কাজের অগ্রগতি দেখার জন্য অনুরোধ জানান। বিভিন্ন ফার্মেসীতে যে সরকারি ঔষধ পাওয়া যায় তার জন্য জরিমানা করা হয় কিন্তু ঔষধের দোকানে এইসব সরকারি ঔষধের সরবরাহকারীদের ধরতে হবে। উভয়কে আইনের আওতায় আনা হলে এইধরণের অনৈতিক ও বেআইনি কাজ বন্ধ হবে বলে অভিমত ব্যক্ত করেন। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| 17 | **৯নং গড়দুয়ারা ইউপি :**<br>চেয়ারম্যান, ৯নং গড়দুয়ারা ইউপি সভায় জানান, তার ইউনিয়নের একটি বিলে ১০০ কানির মত জমি চাষাবাদ হচ্ছে না। অনাবাদী এইসব জমিতে চাষাবাদ করতে সরকারি বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে কৃষকদের উৎসাহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তার দৃষ্টি আর্কষন করেন। এছাড়া তিনি জানান,তার ইউনিয়নে রাজস্ব উদ্বৃত্ত খাতে যে বরাদ্দ পাওয়া গিয়েছে তা খুবই অপ্রতুল।জরুরী প্রকল্পের কাজসম্পাদন করতে হলেও প্রায় ১০ লক্ষ টাকার মত বরাদ্দ প্রয়োজন।তিনি এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| 18 | **১1নং ফতেপুর ইউপি** :<br>চেয়ারম্যান, ১১নংফতেপুরইউপি সভায় মদনহাটে সরকারি জায়গা দখলমুক্ত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার(ভূমি) ও অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানাকে ধন্যবাদ জানান। এছাড়া তিনি জানান, উপজেলা পরিষদের মার্কেটটি অত্যন্ত জরাজীর্ণ হয়ে পড়েছে। নতুন মার্কেট যদি নির্মাণ করা যায় তাহলে উপজেলা পরিষদ আর্থিকভাবে স্বচ্ছল হবে। এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| 19 | **মহিলা ভাইস চেয়ারম্যান :**<br>মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান, নারীদের দারিদ্র বিমোচনের লক্ষ্যে কাজ শুরু করেছেন। চলতি অর্থ বছরে ৩টি ইউনিয়নে ২লক্ষ টাকার প্রকল্প নেয়া হয়েছে। কুঠির শিল্প স্থাপন বিষয়ক প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ২ লক্ষ টাকায় প্রকল্প সম্পাদন সম্ভব নয় বলে জানান। কুঠির শিল্প স্থাপনের মাধ্যমে নারীদের বেকারত্ব দূর করার উপর কাজ শুরু করা হয়েছে। তিনি এইসব প্রকল্পসমূহ পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভার দৃষ্টি আর্কষন করেন। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ২0 | **চেয়ারম্যান** :<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী সভায় জানান, এলজিইডি এর বাস্তবায়নাধীন রাস্তা সরেজমিনে তদন্ত করে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া তিনি জানান, স্টাফ কোয়ার্টারের বিষয়ে উপজেলা ভাইসচেয়ারম্যানদ্বয় ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সমন্বয়ে ০৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠনপূর্বক কাজের অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন দাখিল করবেন। এছাড়া তিনি জানান, তিনি হালদা নদীতে কোন প্রকার ড্রেজার দিয়ে বালু উত্তোলন করতে পারবে না বলে জানান। এছাড়া তিনি হালদা পাড়ের জেলেদের নিয়ে সমবায় সমিতি গঠনের বিষয়ে তড়িৎ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের অনুরোধ জানান। তিনি সরকারি নিয়ম অনুসরণপূর্বক ইউনিয়ন পরিষদের ট্যাক্স আদায় আরো গতিশীল ও সাধারণ জনগণকে ট্যাক্স প্রদানে উৎসাহিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া তিনি জানান,চিকনদন্ডী ইউপিতে একজন সমাজসেবকের উদ্যোগে একটি রাস্তা নির্মাণ করা হবে। তিনি এবিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | ০১। বিভাগীয় কর্মকর্তা (সকল), হাটহাজারী।<br>০২। উপজেলা সমবায় কর্মকর্তা, হাটহাজারী। |
| ২1 | **বিবিধ-০১ :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা পরিষদের অফিসের বিদ্যুৎ বিল, রোড লাইট, হলরুম, কনফারেন্স রুম, উপজেলা পরিষদ মসজিদের বিদ্যুৎ বিল ও উপজেলা পরিষদের অফিসের টেলিফোন বিল বাবদ বকেয়া অর্থ পরিশোধের জন্য সভার দৃষ্টি আর্কষণ করা হয়। ব্যয়িত অর্থ স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা কর্তৃক ১০ নভেম্বর ২০1৪ খ্রিঃ তারিখে উপজেলা রাজস্ব তহবিলের ব্যবহার নির্দেশিকা ৫(খ) মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলের “বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ” খাত হতে পরিশোধের নিমিত্তে সকলের দৃষ্টি আর্কষন করেন। | সভায় ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিলের “বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ” খাত হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী। |

| | | | |
|---|---|---|---|
| ২২ | **বিবিধ-০২ :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, মহান বিজয় দিবস -২০১৯ যথাযোগ্য মর্যদায় সুষ্ঠুভাবে উদযাপন করার লক্ষ্যে প্রতিবারের ন্যায় এবছরও সরকারি কর্মসূচীর সাথে সংগতি রেখে অত্র উপজেলায় বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। মহান বিজয় দিবসের কর্মসূচী গঠিত ২০টি উপ-কমিটি মাধ্যমে বাস্তবায়ন করা হবে মর্মে সভাকে অবহিত করেন। মহান বিজয় দিবস-২০১৯ উদযাপিত অনুষ্ঠানে উপজেলা পরিষদ তহবিলে আর্থিক সহযোগিতা প্রদানের লক্ষে স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা কর্তৃক ১০ নভেম্বর ২০১৪ খ্রিঃ তারিখে উপজেলা রাজস্ব তহবিলের ব্যবহার নির্দেশিকা ৫(খ) মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়ের নির্দেশনা রয়েছে। মহান বিজয় দিবস-২০১৯ এর ব্যয়িত ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন। | (ক) মহান বিজয় দিবস - ২০১৯ উদযাপন অনুষ্ঠানের যাবতীয় ব্যয় বাবদ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিলের বর্ণিত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী। |

সভাপতি সকল বিভাগের উন্নয়ন কর্মকান্ড যথাসময়ে সম্পন্ন করার এবং অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে পুনঃরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
**(এস এম রাশেদুল আলম)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হাটহাজারী, চট্টগ্রাম।
ফোন : ০৩১-২৬০১৮০০
ই-মেইল : uzc.hathazari.ctgbd@gmail.com

স্মারক নং : ০০.৫০৮.০০৬.০০.০৮.০০১.২০১৯.১০51 তারিখ : ২৬/০৯/২০১৯ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :**

১। ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, এমপি, ২৮২ চট্টগ্রাম-৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৫। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
৬। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৭। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৮। উপজেলা ____________________ কর্মকর্তা, হাটহাজারী, চট্টগ্রাম।
৯। চেয়ারম্যান, ____________________ ইউনিয়ন পরিষদ (সকল), হাটহাজারী, চট্টগ্রাম।
১০। সংরক্ষণ নথি।

## পরিশিষ্ট – 'ক'

০৭/১১/২০১৯খ্রি. তারিখ অনুষ্ঠিত সেপ্টেম্বর মাসের উপজেলা পরিষদের সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জনপ্রতিনিধি/কর্মকর্তাবৃন্দ/অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ) :

### উপস্থিতির তালিকা :

| ক্রঃ নং | উপস্থিত ভাইস-চেয়ারম্যানবৃন্দ : |
|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী। |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী। |

| ক্রঃ নং | উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ : |
|---|---|
| ০১. | চেয়ারম্যান, ১নং ফরহাদাবাদ ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০২. | চেয়ারম্যান, ২নং ধলই ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৩. | চেয়ারম্যান(প্রতিনিধি), ৩নং মির্জাপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৪. | চেয়ারম্যান, ৪নং গুমানমর্দ্দন ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৫. | চেয়ারম্যান(প্রতিনিধি), 5নং নাঙ্গলমোড়া ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৬. | চেয়ারম্যান, ৬নং ছিপাতলী ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৭. | চেয়ারম্যান, 8নং মেখল ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৮. | চেয়ারম্যান, ৯নং গড়দুয়ারা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৯. | চেয়ারম্যান(প্রতিনিধি), ১০নং উত্তর মার্দাশা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১০. | চেয়ারম্যান, ১১নং ফতেপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১১. | চেয়ারম্যান(প্রতিনিধি), ১২নং চিকনদন্ডী ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১২. | চেয়ারম্যান, ১৩নং দক্ষিণ মাদার্শা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১৩. | চেয়ারম্যান, ১৫নং বুড়িশ্চর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |

| ক্রঃ নং | উপস্থিত কর্মকর্তাবৃন্দ : |
|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম। |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা(প্রতিনিধি), হাটহাজারী। |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৫. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৭. | উপজেলা প্রকৌশলী(প্রতিনিধি), হাটহাজারী। |
| ০৮. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হাটহাজারী। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ১২. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৩. | রেঞ্জ কর্মকর্তা, হাটহাজারী রেঞ্জ। |
| ১৪. | উপজেলা সমবায় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৫. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৬. | ডিজিএম(প্রতিনিধি), পল্লী বিদ্যুৎ সমিতি-৩, হাটহাজারী। |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৮. | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), চট্টগ্রাম যান্ত্রিক পওর শাখা-১/২, পাউবো, চট্টগ্রাম। |
| ১৯. | উপ-বিভাগীয় প্রকৌশলী, হাটহাজারী পওর উপ-বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, হাটহাজারী। |
| ২০. | উপ-বিভাগীয় প্রকৌশলী, মদুনাঘাট পওর উপ-বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, হাটহাজারী। |
| 21. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হাটহাজারী। |
| 22. | সহকারী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, হাটহাজারী। |
| ২৩. | উর্দ্ধতন উপ-সহকারী প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, হাটহাজারী। |

| ক্র:নং | উপস্থিত উপজেলা পরিষদ সদস্য |
|---|---|
| ০১. | কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, হাটহাজারী উপজেলা। |

| ক্র:নং | উপস্থিত উপজেলা পরিষদ সংরক্ষিতমহিলা সদস্য |
|---|---|
| ০১. | জনাব ছেনোয়ারা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য |

### অনুপস্থিতির তালিকা :

| ক্রঃ নং | অনুপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ : |
|---|---|
| ০১ | চেয়ারম্যান, ১৪নং শিকারপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |

| ক্র:নং | অনুপস্থিত উপজেলা পরিষদ সদস্য |
|---|---|
| ০১. | সচিব, হাটহাজারী পৌরসভা। |

| ক্র:নং | অনুপস্থিত উপজেলা পরিষদ সংরক্ষিতমহিলা সদস্য |
|---|---|
| ০১. | জনাব ফাতেমা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য |
| ০২. | জনাব ইশরাত সাহেরা, সংরক্ষিত মহিলা সদস্য |

| ক্রঃ নং | অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ : |
|---|---|
| ০1. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হাটহাজারী, চট্টগ্রাম। |
| ০2. | উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, হাটহাজারী। |
| ০৩. | পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা (পজীপ), হাটহাজারী। |
| ০৪. | সিনিয়র ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, হাটহাজারী। |
| ০৫. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ০৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাটহাজারী। |